



ব্যান্ডক

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ই-১৪/ওয়াই, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

ফোন: ৫৫০০৬৯১৯, ৫৫০০৬৯১৮ ফ্যাক্স: ৫৫০০৬৯১৭ ই-মেইল bansdoc@bansdoc.gov.bd, bansdoc@gmail.com

ব্যান্ডক ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ নীতিমালা ২০২১

পটভূমি ও প্রবর্তন:

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্ডক) বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে তথ্যসেবা প্রদানকারী একটি জাতীয় প্রতিষ্ঠান। দেশের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, শিল্পোদ্যোত্তা, পরিকল্পনাবিদ, নীতিনির্ধারক, ছাত্র-শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলকে তথ্যসেবা প্রদান এ প্রতিষ্ঠানের অন্যতম লক্ষ্য। বিজ্ঞান ও প্রযুক্তিগত তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, ব্যবহার উপযোগী, সংরক্ষণ এবং বিতরণের লক্ষ্যে ষাটের দশকে ব্যান্ডকের যাত্রা শুরু হয়। ২০১০ সালে আইন প্রণয়নের মাধ্যমে ব্যান্ডক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে স্থাপ্ত লাভ করে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ, ভিশন-২০২১, ২০৩০, ২০৪১ ও ডেল্টা প্ল্যান ২১০০-এর আলোকে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্য দেশের গবেষণা কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিত করতে গবেষকদের দোরগোড়ায় দৃত তথ্যসেবা পৌছানোর অত্যন্ত গুরুত্বপূর্ণ মাধ্যম হচ্ছে ই-বুক। অ্যাকাডেমিক, পাবলিক, ন্যাশনাল ও স্পেশাল লাইব্রেরিসহ দেশের সকল প্রতিষ্ঠানে কর্মরত গ্রন্থাগার পেশাজীবীদের ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-রিসোর্সসমূহ যথাযথভাবে সমৃদ্ধকরণ এবং মানবসম্পদ উন্নয়নে তাংগ্রহণ ভূমিকা রাখবে।

২। শিরোনাম:

এই নীতিমালাটি “ব্যান্ডক ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ নীতিমালা ২০২১” নামে অভিহিত হবে।

৩। লক্ষ্য ও উদ্দেশ্য:

- বিভিন্ন শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত গবেষণালক্ষ রিসোর্সসমূহকে একীভূত করে ডিজিটাল রিসোর্সে রূপান্তর;
- গ্রন্থাগার পেশাজীবীদের যুগেপযোগী প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি;
- সেবাগ্রহীতাদের ই-বুক সেবা প্রদানের মাধ্যমে সময়, শ্রম ও অর্থের সামর্থ্য করা; এবং
- বর্হিবিশ্বের সঙ্গে সামঞ্জস্য রেখে যুগেপযোগী তথ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে আন্তর্জাতিক মানের ইনফরমেশন নেটওয়ার্কিং ও রিসোর্স শেয়ারিং ব্যবস্থা গড়ে তোলা।

৪। প্রশিক্ষণের মেয়াদ:

প্রশিক্ষণের মেয়াদ পরিচালনা কমিটি কর্তৃক নির্ধারিত হবে। উল্লিখিত সময়ে অংশগ্রহণকারীকে হাতে কলমে ই-বুক প্রস্তুতকরণ বিষয়ে পূর্ণাঙ্গ প্রশিক্ষণ প্রদান করা হবে।

১১

৫। অংশগ্রহণকারীদের সংখ্যা:

প্রতিটি প্রশিক্ষণ/কর্মশালায় বাজেট সংকুলান সাপেক্ষে পরিচালনা কমিটি অংশগ্রহণকারীদের সংখ্যা নির্ধারণ করবে।

৬। প্রয়োজনীয় ঘোষ্যতা:

দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, সরকারি সংস্থা, দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত গ্রন্থাগার/সংশ্লিষ্ট পেশাজীবীগণ এ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে। তবে চাহিদার ভিত্তিতে পর্যায়ক্রমে অন্যান্য বেসরকারি শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত গ্রন্থাগার পেশাজীবীদের এ প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের বিষয়ে বিবেচনা করা যেতে পারে।

৭। অংশগ্রহণকারী নির্বাচন:

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ/মনোনয়নের ভিত্তিতে অংশগ্রহণকারী নির্বাচন করা হবে।

৮। অংশগ্রহণকারী ও সংশ্লিষ্টদের ভাতা/সম্মানি:

প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণকারী ও সংশ্লিষ্টদের ভাতা/সম্মানি প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত ও সময় সময় জারিকৃত প্রজাপন অনুসরণ করা হবে।

৯। প্রশিক্ষণ/কর্মশালা পরিচালনা কমিটি:

- | | | |
|-----|--------------------------------------------------|----------------|
| (ক) | মহাপরিচালক, ব্যাসডক, ঢাকা | কোর্স পরিচালক |
| (খ) | শাখা প্রধান (প্রশাসন ও গ্রন্থাগার) ব্যাসডক, ঢাকা | সদস্য |
| (গ) | প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, ব্যাসডক, ঢাকা | কোর্স সমন্বয়ক |

কমিটি প্রয়োজনে সর্বোচ্চ ২ (দুই) জন নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

১০। কোর্স মডিউল:

কোর্স পরিচালনা কমিটি কোর্স মডিউল তৈরি করবেন। কোর্স পরিচালক কর্তৃক অনুমোদিত মডিউল অনুযায়ী কোর্স পরিচালিত হবে।

১১। কোর্স মূল্যায়ন:

প্রশিক্ষণ/কর্মশালা সমাপ্তির পর প্রত্যেক অংশগ্রহণকারীকে মূল্যায়নপূর্বক সনদপত্র প্রদান করা হবে।

১২। কার্যক্রম বাস্তবায়নে বাজেট:

- (ক) প্রশিক্ষণ/কর্মশালার কার্যক্রম সরকারের রাজস্ব বাজেট থেকে বাস্তবায়ন করা হবে এবং বাস্তবায়নের খাত বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাসডক)-এর রাজস্ব বাজেটের অন্তর্ভুক্ত থাকবে।
- (খ) এতৎসংক্রান্ত পরিচালনা কমিটি বাজেট প্রণয়ন ও ব্যয় নির্বাহ করবে।

২

১৩। অসুবিধা দূরীকরণ:

- (ক) এতৎসংক্রান্ত যে কোন সমস্যার উভে হলে নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করার ক্ষমতা ব্যাঙ্গডক পরিচালনা বোর্ড সংরক্ষণ করে।

১৪। বিবিধ:

- (ক) ব্যাঙ্গডক ই-বুক প্রস্তুত সংক্রান্ত সফটওয়্যার তৈরি অথবা অন্য যে কোন ওপেনসোর্স সফটওয়্যার কাস্টমাইজ করে প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকলকে প্রদান করবে।
- (খ) সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণ চলাকালীন প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে ও প্রশিক্ষণে ব্যবহৃত যন্ত্রপাতির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।

